



বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক
দিবস ২০২১ পালনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আব্দুল ওয়াদুদ, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বারটান
তারিখ ও সময় : ২৭ জুলাই ২০২১: বিকাল ২.৩০ মিনিট
স্থান : বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০১। আলোচনা ও সিদ্ধান্তঃ

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত সমূহের উপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। তিনি আরো জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২১ পালন করতে হবে। অতপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) কৃষি মন্ত্রণালয়ে ১৯ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত 'স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত' সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে বারটান নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বারটান কর্তৃক বাস্তবায়িতব্য কর্মসূচিঃ


- ২.১। ১৫ আগস্ট ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে বারটান প্রধান কার্যালয়ে ও সাতটি আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলনপূর্বক অর্ধনমিতকরণ;
- ২.২। কালো ব্যাজ ধারণ;
- ২.৩। অফিস চত্বরে পোষ্টার/ব্যানার স্থাপন;

- ২.৪। সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা ও বিশেষ দোয়ার আয়োজন করা হবে;
- ২.৫। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের বুহের মাগফিরাত কামনায় বাদ যোহর মসজিদে বিশেষ মোনাজাত;
- ২.৬। ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবসে বারটান প্রধান কার্যালয়সহ সাতটি আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের কর্মস্থলে অবস্থানসহ কর্মসূচিতে অংশগ্রহণ;
- ২.৭। আঞ্চলিক কার্যালয়সমূহ স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ২.৮। বারটান প্রধান কার্যালয়ের গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য নিয়োক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ

০১। জনাব মোঃ মাকছুদুল হক	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	-	আহবায়ক
০২। জনাব প্রিন্স বিশ্বাস	বৈজ্ঞানিক কর্মকর্তা	-	সদস্য
০৩। জনাব মোঃ শরিফুল ইসলাম	বৈজ্ঞানিক কর্মকর্তা	-	সদস্য
০৪। জনাব মোঃ মনির হোসেন	সহকারী পরিচালক (হিসাব)	-	সদস্য
০৫। জনাব মোঃ সেলিম রেজা	উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক)	-	সদস্য-সচিব

০৩। সভাপতি জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে আন্তরিকতার সংগে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য বারটান-এর সকল কর্মকর্তা/কর্মচারীর প্রতি আহবান জানান।

০৪। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আব্দুল ওয়াদুদ)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)